



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নংঃ সিশিবো/কঃ শাঃ/ভঃ বিঃ/২০১৬/৩৩৩

তারিখঃ ২১-০৮-২০১৬ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ম্যানুয়াল পদ্ধতিতে বিশেষ বিবেচনায় ভর্তি সংক্রান্ত

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী এখনও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কোথাও ভর্তি হয়নি শুধুমাত্র উক্ত শিক্ষার্থীদের আগামী ২১/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতে ২৩/০৮/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিষ্ঠানে আসন খালি থাকা এবং ন্যূনতম জিপিএ-এর শর্ত পূরণ সাপেক্ষে ম্যানুয়াল পদ্ধতিতে বিলম্ব ফিসহ ভর্তি করা যাবে। যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে কোনো কলেজে ভর্তি হয়েছে তারা ভর্তি বাতিল করে ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তি হতে পারবে না।

ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীদের টট লিস্ট, মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, ফি জমাদানের রশিদ নিম্নোক্ত ছকে উল্লেখিত সময়সূচি অনুযায়ী অত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

সিলেট জেলা	হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলা
২৮/০৮/২০১৬ খ্রিঃ	২৮/০৮/২০১৬ খ্রিঃ হতে ৩১/৮/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত। (বিশেষ বিবেচনায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কাগজপত্র পূর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের সাথে জমা দিতে হবে।)

⇒ উল্লেখ্য যে, এ প্রক্রিয়ায় ভর্তির ক্ষেত্রে কলেজ কর্তৃক পূর্ব নির্ধারিত সর্বনিম্ন জিপিএ-এর নিম্নে এবং আসন শূন্য না থাকলে কোন শিক্ষার্থীকে ভর্তি করানো যাবে না, এর ব্যত্যয়ে রেজিস্ট্রেশন কার্যক্রম করা হবে না এবং উক্ত শিক্ষার্থীদের যে কোন জটিলতার দায় কলেজ কর্তৃপক্ষকে বহন করতে হবে।

(মোঃ মোস্তফা কামাল আহমদ)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।